

## দীপায়নের চিকিৎসা ও বাংলাদেশের বন্যার্তদের সাহায্যার্থে ফোরামের ব্যতিক্রমি অনুষ্ঠান ও ক্ষুদ্র অনুদান

এই সুন্দর পৃথিবীতে প্রচুর সম্ভাবনাময় কিশোর দীপায়ন আজ কেন এই নিষ্ঠুর ব্যাধিতে আক্রান্ত? কে দেবে এ উত্তর?

“না ফুটিতে ফুল কেন কুড়িতে শুকায়।”

সৃষ্টিকর্তার এ আমোঘ নির্দেশ কেন আমরা খন্ডাতে পারছি না একবিংশ শতাব্দীতে বিশ্বের এক অতি উন্নত দেশে। এর চেয়ে মর্মান্তিক আর কি হতে পারে। তবুও আশায় বুক বেঁধে মানুষ বাঁচে চিরকাল। আমরাও চাইছি সৃষ্টিকর্তা এ ক্ষুদ্র প্রার্থনা পূরন করতে সহায় হোন। দীপায়ন যেন এই মারাত্মক ব্যাধিকে জয় করে একটি সুন্দর, সুখী দীর্ঘজীবন লাভ করে।

সিডনির সমাজকর্মী জনাব আল-নোমান শামীমের প্রতিবেদন থেকে দীপায়নের মর্মান্তিক অসুস্থতার কথা অবগত হয়ে ফোরাম সদস্য ও কর্মকর্তাবৃন্দ অসুস্থ দীপায়ন ও তার স্থানীয় অভিভাবক শ্রী বিধান চক্রবর্তীর সাথে সাক্ষাৎ করেন। দীপায়নের চিকিৎসার খোঁজ খবর নেয়। এছাড়াও অবগত হয় আর্থিক প্রয়োজনীয়তার কথা। ফোরাম কর্মীরা তৎক্ষণাত্ মিলিত হয়ে সিদ্ধান্ত নেয় সবাইকে সম্পৃক্ত করে একটি Fund Raising Concert অনুষ্ঠানের। অনুষ্ঠানটি বিপুল দর্শক শ্রোতার উপস্থিতিতে অনুষ্ঠিত হয় গত ১৫ই সেপ্টেম্বর স্থানীয় Ashfield Polish Club এ। অনুষ্ঠানটি দুটি পর্বে বিভক্ত ছিল। প্রথম পর্বে স্থানীয় প্রতিভাবান শিল্পীদের পরিবেশিত গান ও নাচের আসর এবং ২য় পর্বে ছিল সিডনির স্বনামধন্য সংগীত কারিগর আতিক হেলালের পরিচালনায় তরুন উদীয়মান শিল্পীদের নিয়ে নবগঠিত “প্রবাসীর বুক বাংলাদেশ” এর পরিবেশিত অনুষ্ঠান “বাংলার কন্ঠ”।

প্রথম পর্বের শুরুতে ফোরামের সাংস্কৃতিক সম্পাদক শ্রী রনজিত দাস পূর্বনির্ধারিত সময়ে উপস্থিত সকলকে শুভেচ্ছা জানিয়ে অনুষ্ঠানের সূচনা করেন। এরপর অনুষ্ঠান পরিচালনার জন্য ডাঃ অপর্ণা গোস্বামীকে আমন্ত্রন জানান। অনুষ্ঠানের শুরুতেই দীপায়নের সুস্বাস্থ্য ও মংগল কামনা করে সবাই স্ব স্ব ধর্মীয়মতে সৃষ্টিকর্তার নিকট একমিনিট নিরবে দাঁড়িয়ে প্রার্থনা করেন। সাংস্কৃতিক অনুষ্ঠান শুরু হয় ফোরামের ক্ষুদ্রে শিল্পী ঋতুপর্ণা ধরের “মোর বীনা উঠে কোন সুরে বাজি” নৃত্য পরিবেশনের মাধ্যমে। এরপর সিডনির তিন সুকন্ঠী গায়িকা শ্রীমতি সুমিতা দে, শ্রীমতি মিথুন গোস্বামী ও শ্রীমতি রত্না গুনের অপূর্ব গান দর্শকদের মনোরঞ্জন করে। এরপর পরিবেশিত হয় সিডনির বহুল জনপ্রিয় গায়িকা শ্রীমতি চিরস্মিতা চক্রবর্তীর কয়েকটি হিন্দী গান। গানগুলি দর্শকশ্রোতাদের মাতিয়ে তোলে। অনুষ্ঠানের আরেক আকর্ষণ ছিল সিডনির ওয়েস্টমিডে স্থাপিত Ruchi's school for indian dance এর একঝাক তরুনীদের নিয়ে অপূর্ব তিনটি

নাচ। এরপর উপস্থাপিকা সান্দ্যভোজন ও বন্যার্তদের অনুদান সংগ্রহের ঘোষণার মাধ্যমে প্রথম পর্ব সমাপ্ত হয়।

বিরতি সময় ফোরামের সদস্যদের তৈরী সুস্বাদু খাবার পরিবেশিত হয়। ২য় পর্বের পূর্বেই ফোরাম সভাপতি ডঃ সমীর সরকার এই মহতী অনুষ্ঠানে বিপুল মানুষের সহযোগীতায় সফল করার জন্য সকলকে সংগঠনের পক্ষ থেকে ধন্যবাদ জ্ঞাপন করেন। এরপর সংগঠনের ক্ষুদে বন্ধুরা যথাক্রমে রুদ্দ সাহা, মৌমিতা দে, শ্রী নাথ ও চৈতী ধর ফুলের তোড়া দিয়ে স্বাগত জানায় নৃত্যকলার কোরিওগ্রাফার শ্রীমতি বুচি, সাউন্ড সিস্টেমের মালিক ও পরিচালক জনাব জাহাংগীর কবির বাবলু, “প্রবাসীর বুকো বাংলাদেশ” এর পরিচালক ও সংগঠক জনাব আতিক হেলাল ও জনাব সুমনকে এবং দীপায়নের স্থানীয় কেয়ারটেকার শ্রী বিধান চক্রবর্তীকে। এছাড়াও সংগঠনের দুই সোনামনি বন্ধু অবন্তী ও শর্মিষ্ঠা মহাজন মিলে দীপুর রোগমুক্তি কামনা করে একটি বিশাল ও সুন্দর কার্ড তৈরী করে এবং উপস্থিত সকলের মন্তব্য ও স্বাক্ষর গ্রহন করে।

এই মহতী অনুষ্ঠানের ২য় পর্বের প্রধান আর্কষণ “বাংলার কন্ঠ” প্যাকেজ অনুষ্ঠানটি পরিচালনা করার জন্য উপস্থাপিকা মৌসুমীকে আমন্ত্রন জানানো হয়। শুরুতেই সকল শিল্পীরা মিলে দীপুর স্মরণে একটি মর্মস্পর্শী গান পরিবেশন করে সকল দর্শকদের মন কেড়ে নেন। এই সুন্দর গানটির কথা ছিল “এক নদী জল চোখে নিয়ে আজ কাঁদছে আপন জন .....ফিরে এসো দীপায়ন” এবং এর রচয়িতা ছিলেন সিডনীর জনপ্রিয় ইন্টারনেট পত্রিকা “বাসভূমির” সম্পাদক জনাব আকিদুল ইসলাম। এরপর এক এক করে টপ নয়জন শিল্পী বাংলাদেশের পুরোনো দিনের গান, ব্যান্ডের গান ও ছায়াছবির গান পরিবেশন করে দর্শকদের মন মাতিয়ে তোলে। উপস্থিত দর্শকশ্রোতাবৃন্দ প্রচুর করতালি ও নৃত্যর মাধ্যমে শিল্পীদের উৎসাহিত করে। উপস্থাপিকা মৌসুমীর সুন্দর ও সাবলীল পরিচালনা অনুষ্ঠানের মান অনেক উন্নত করে। দর্শকশ্রোতাবৃন্দের কাছ থেকে রেহাই পাননি পরিচালক জনাব আতিক হেলাল। সর্বশেষে উনিও দীপায়নের সুস্থ ও সুন্দর জীবন কামনা করে অপূর্ব একটি সংগীত পরিবেশন করে শ্রোতাদের হৃদয় হরণ করেন।

অবশেষে সকলের নিরলস প্রচেষ্টা ও সহযোগীতায় আমরা দীপায়নের উপস্থিতিতে তার মার হাতে গত ২৩শে সেপ্টেম্বর রবিবার **চার হাজার পাঁচশত ডলার (\$8৫০০) ও Get Well Soon** কার্ডটি তুলে দেই। পরবর্তীতে দীপায়নের জন্য আরও পাঁচ শত ডলার(\$৫০০) প্রদান করা হয়। অর্থাৎ সর্ব সাকুল্যে দীপায়নকে দেয়া মোট অর্থের পরিমাণ হলো **পাঁচ হাজার ডলার (\$৫০০০)**। ফোরাম প্রতিশ্রুতি দিয়েছে তানভীর ও দীপায়নের মত অসহায়দের জন্য সবসময় পাশে দাঁড়াবে। এছাড়াও ফোরাম তার চিকিৎসা, ভরনপোষন ও অন্যান্য বিষয়য়ের দিকে বিশেষ লক্ষ্য রাখার জন্য তিন সদস্য বিশিষ্ট একটি

কমিটি গঠন করে। এই টিম দীপায়নের স্থানীয় অভিভাবক এর সাথে সবসময় যোগাযোগ রেখে কাজ করে যাবে।

এই অনুষ্ঠান সাফল্যে পরিনত করার জন্য ফোরাম সিডনীর সকল কমিউনিটি রেডিও এবং ইন্টারনেট মিডিয়া যথাক্রমে বাংলা-সীডনী ডট কম, বাসভূমি, সীডনীবাসী, প্রিয় ক্যানবেরা, সোনার বাংলা ও অজবাব্গলার প্রতি কৃতজ্ঞতা ও ধন্যবাদ জ্ঞাপন করেন। এছাড়াও হল সাজানো, হল কন্ট্রোল, ভিডিও, ফটো ধারণ ও স্লাইড প্রদর্শন, অর্থসংগ্রহের জন্য ডেস্ক, গরম চা ও ড্রিংকস এর স্টল এবং অনুষ্ঠান শেষে হল পরিষ্কার ইত্যাদি বহুসংখ্যক কাজে সদস্য/সদস্যারা অংশগ্রহন করে। ফোরাম সকলের কাছে কৃতজ্ঞতার পাশে আবদ্ধ রইল ও জানাচ্ছে অসংখ্য ধন্যবাদ।

## বাংলাদেশের বন্যার্তদের জন্য ফোরামের ক্ষুদ্র অনুদান

ফান্ডরাইজিং অনুষ্ঠানের দিন সান্ধ্যভোজনের বিরতীর সময় শ্রী প্রবীর মৈত্র ও শ্রী নিতীশ চন্দ্র বড়ুয়া উপস্থিত সকল দর্শকদের কাছ থেকে বাংলাদেশের বন্যার্তদের জন্য অর্থ সংগ্রহ করেন। এতে সকলে স্বতস্ফূর্তভাবে অনুদানের জন্য হাত বাড়িয়ে দেয়। সংগৃহীত অর্থের পরিমান হলো **তিন শত ডলার (\$৩০০)**। এই অনুদানের জন্য ফোরাম সবাইকে আন্তরিক ধন্যবাদ ও কৃতজ্ঞতা জানিয়েছে।

---